

### প্রথম আলো

বৃহস্পতিবার, ২৯ জানুয়ারি ২০০৯

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেমিনারে বক্তারা নগরগুলোকে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় প্রস্তুত করতে হবে

নিজস্ব প্রতিবেদক ●

নগরগুলোকে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় প্রস্তুত করতে হবে। বস্তিবাসী ও দরিদ্র মানুষ যাতে এ পরিবর্তন মোকাবিলা করে টিকে থাকতে পারে, সে উদ্যোগ নিতে হবে। গতকাল বুধবার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের যুক্তরাষ্ট্রের ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের যৌথ আয়োজনে এক সম্মেলনে বক্তারা এ কথা বলেন।

ব্র্যাক সেন্টারে আয়োজিত 'জলবায়ু পরিবর্তন এবং নগর দারিদ্র্য-উন্নয়নের অবকাঠামো' শীর্ষক এ সম্মেলনে অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন। দেশি-বিদেশি বিশেষজ্ঞরা বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাব মোকাবিলায় করণীয় নিয়ে আলোচনা করেন।

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, গ্রামীণ দারিদ্র্য নিয়ে যতটা পর্যালোচনা হয়েছে, নগর দারিদ্র্য নিয়ে ততটা হয়নি। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে গেলে দেশের উপকূলভাগের বিপুলসংখ্যক মানুষ উন্নত হয়ে পড়বে। এসব মানুষ নগরে এসে আশ্রয় নেবে। এখন থেকেই নগরগুলোকে জলবায়ু পরিবর্তনের এ প্রভাব মোকাবিলায় প্রস্তুত করতে হবে।

রাজধানীর বস্তিগুলোতে জনসেবা পৌছে দিতে সরকার উদ্যোগ নেবে—এ কথা উল্লেখ করে আবুল মাল আব্দুল মুহিত বলেন, রাজধানীর বাইরের শহরগুলোর অবস্থাও খুব একটা ভালো নয়। তাই নগর পরিকল্পনায় জলবায়ু পরিবর্তনের মোকাবিলাকে অন্তর্ভুক্ত করতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে ব্র্যাকের চেয়ারম্যান ফজলে হাসান আবেদ বলেন, জলোচ্ছ্বাস-ঘর্পিঝড়ের মতো প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় ব্র্যাকের অভিজ্ঞতায় দেখা গেছে, তাৎক্ষণিক দুর্যোগ

মোকাবিলা করা গেলেও মানুষের জীবনযাত্রায় ক্ষয়ক্ষতির প্রভাব দীর্ঘদিন ধরে থেকে যায়। জলবায়ু পরিবর্তনের কারণে নগরের জীবনযাত্রায় নেতিবাচক প্রভাবের আশঙ্কার কথা উল্লেখ করে তিনি বলেন, ব্র্যাক এ ব্যাপারে গবেষণা ও উন্নয়নকাজের মধ্যে সমন্বয় করবে।

ফজলে হাসান আরও বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় রাজস্বপুর্বে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের আয়োজনে এক কর্মশালার মাধ্যমে নগরে জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো চিহ্নিত করে একটি সুপারিশমালা তৈরি করা হয়েছে। রাজস্বপুর্ন ঘোষণা হিসেবে এই সুপারিশ আগামী দিনের উন্নয়ন পরিকল্পনা ও কর্মকাণ্ডে ভূমিকা রাখবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, 'আমাদের নগর অবকাঠামো জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সক্ষম করে তৈরি হয়নি। জলবায়ু পরিবর্তনের কারণে বস্তিগুলোতে সমস্যা বাড়বে।'

জলবায়ু বিশেষজ্ঞ ড. আইনুন নিশাত বলেন, চলতি শীত মৌসুমে রাতের তাপমাত্রা অপেক্ষাকৃত বেশি থাকছে। জলবায়ু পরিবর্তনের কারণে আমাদের খাদ্যনিরাপত্তা সবচেয়ে বেশি হুমকিতে পড়বে—এ আশঙ্কার কথা উল্লেখ করে তিনি বলেন, এ জন্য আমাদের কৃষিব্যবস্থাকে উন্নত করতে হবে।

ব্র্যাক ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (বিডিআই) পরিচালক ড. সৈয়দ এম হাশমী বলেন, ঢাকার কড়াইল ও ঢাকার বাইরের শহরের তিনটি বস্তির মানুষ জলবায়ু পরিবর্তনের সঙ্গে মোকাবিলা করে যাতে টিকে থাকতে পারে, সে ব্যাপারে সহায়তা দেওয়া শুরু করবে ব্র্যাক।